RBL BANK
*apno ka bank*

# কার্ডধারীর চুক্তিপত্র

আপনার পছন্দের ভাষায় কার্ডধারীর চুক্তিপত্রটি পড়তে এখানে ক্লিক করুন :

http://www.rbl.bank.in/vernacular-cardmember-agreement-for-credit-cards

# আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ড
# কার্ডধারীর চুক্তিপত্র

গুরুত্বপূর্ণ: আপনার নিকট প্রেরিত আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ড ব্যবহারের পূর্বে অনুগ্রহ করে নিম্নোক্ত শর্তাবলি ও নিয়মাবলি সতর্কতার সঙ্গে পাঠ করুন। আপনি যদি উক্ত ক্রেডিট কার্ডটি সংরক্ষণ করেন বা সেটির ব্যবহার আরম্ভ করেন, তবে সেটিকে এই শর্তাবলি ও নিয়মাবলির প্রতি আপনার নিঃশর্ত সম্মতি হিসেবে গণ্য করা হবে এবং এই শর্তাবলি আপনার ক্রেডিট কার্ড ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে। আপনি যদি এই শর্তাবলি ও নিয়মাবলি গ্রহণে অনিচ্ছুক হন, তবে অনুগ্রহ করে ক্রেডিট কার্ডটি মাঝখান থেকে কেটে ফেলুন এবং একটি লিখিত আবেদনপত্রসহ তা অবিলম্বে আমাদের নিকট প্রত্যাবর্তন করুন, যাতে কার্ডটি বন্ধ করার প্রক্রিয়া সম্পন্ন করা যায়। যদি ইলেকট্রনিক মাধ্যম (যেমন: ইন্টারনেট বা ইমেইল) অথবা টেলিফোনের মাধ্যমে আপনার আবেদনের ভিত্তিতে উক্ত কার্ডটি আপনাকে প্রেরণ করা হয়ে থাকে, তবে সেই ক্ষেত্রে আপনি যখনই কার্ডটির পিছনের অংশে স্বাক্ষর করবেন বা সেটির ব্যবহার শুরু করবেন, তখন থেকেই এই চুক্তিতে বর্ণিত সকল শর্তাবলী আপনি গ্রহণ করেছেন বলে বিবেচিত হবে।

**১. সংজ্ঞা**

এই শর্তাবলি ও নিয়মাবলিতে, প্রসঙ্গভেদে ভিন্নভাবে ব্যাখ্যার প্রয়োজন না হলে, নিম্নে বর্ণিত শব্দসমূহের অর্থ নিম্নরূপ নির্ধারিত হবে :

১.১ "আবেদনকারী"র অর্থ এমন ব্যক্তি(গণ), যিনি বা যাঁরা আরবিএল ব্যাংক লিমিটেডের নিকট ক্রেডিট কার্ডের জন্য আবেদন করেছেন এবং যাদের বয়স ১৮ বছরের বেশি।

১.২ “ক্রেডিট কার্ড” মানে হল একটি বৈধ আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ডকে বোঝায়, যার মধ্যে কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড, অ্যাড-অন ক্রেডিট কার্ড বা আরবিএল ব্যাংক লিমিটেড কর্তৃক আবেদনকারীর অনুরোধে প্রদত্ত অন্য ক্রেডিট কার্ডগুলি অন্তর্ভুক্ত থাকবে। এটির সামনের অংশে নাম এবং/অথবা ট্রেডমার্ক, লোগো বা পরিষেবার চিহ্ন অথবা আরবিএল ব্যাংকের নাম  থাকবে।

১.৩ "অ্যাড-অন ক্রেডিট কার্ড" এর অর্থ হল প্রাইমারি কার্ডধারীর অনুরোধে অ্যাড-অন কার্ডমেম্বারের নামে ইস্যু করা একটি ক্রেডিট কার্ডকে বোঝানো হয়।

১.৪ “অ্যাড-অন কার্ডধারী(গণ)” মানে এমন একজন ব্যক্তি, যিনি ভারতীয় নাগরিক এবং প্রাথমিক কার্ডধারীর পরিবারের সদস্য, যেমন: স্বামী/স্ত্রী, ভাই/বোন, পিতা-মাতা এবং সন্তান, যাদের বয়স ১৮ বছরের বেশি, যাদেরকে প্রাথমিক কার্ডধারীর অনুরোধে একটি অ্যাড-অন ক্রেডিট কার্ড প্রদান করা হবে এবং যার সমস্ত চার্জ প্রাথমিক কার্ডধারীর ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে চার্জযোগ্য।

১.৫ "ব্যাংক/আরবিএল ব্যাংক বলতে ক্ষেত্র অনুযায়ী আরবিএল ব্যাংক লিমিটেড, তার উত্তরাধিকারী, অনুমোদিত নিয়োগকারী, প্রশাসক, লিকুইডেটর, এবং মনোনীত ব্যক্তিকে বোঝাবে।

১.৬ “বিলিং চক্র” মানে দুইটি ধারাবাহিক স্টেটমেন্ট তৈরির মধ্যে সময়কাল।

১.৭ “কার্ডধারী” বা “প্রাথমিক কার্ডধারী” মানে সেই ব্যক্তি, যাঁর নামে কার্ড  প্রদান করা হয়েছে এবং কার্ড অ্যাকাউন্টটি রক্ষণাবেক্ষণ করা হয়েছে।

১.৮ “কার্ড একাউন্ট” মানে একটি একাউন্ট যা কার্ডধারীর নামে খোলা হয়েছে এবং এটি এখানে থাকা শর্তাবলী অনুসারে ক্রেডিট কার্ড ব্যবহারের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক পরিচালিত একটি অ্যাকাউন্ট।

১.৯ “কার্ড নম্বর” মানে আপনার কার্ডের সামনের অংশে খোদিত ১৬ সংখ্যার একটি অনন্য নম্বর। (অ্যাড-অন ক্রেডিট কার্ডের কার্ড নম্বরও এতে অন্তর্ভুক্ত রয়েছে, যদি থাকে)

১.১০ “কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড” মানে এমন একটি ক্রেডিট কার্ড যা ব্যাংক কর্তৃক অন্য কোনো সংস্থার সহযোগিতায় প্রদান করা হয়, যার মধ্যে বাণিজ্যিক/ব্যবসায়িক কর্মকাণ্ডে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠানসহ অন্যান্য সংস্থা অন্তর্ভুক্ত থাকতে পারে।

১.১১ "ক্রেডিট লিমিট" এর অর্থ সর্বাধিক ক্রেডিট বা সর্বাধিক ঋণের পরিমাণ, যা ব্যাংকের সাথে রক্ষিত কার্ড একাউন্টের মাধ্যমে গ্রহণ করা যেতে পারে, এবং এটির পরিমাণ সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে।

১.১২ "চার্জ" এর অর্থ এই চুক্তির অধীনে কার্ড একাউন্টে সম্পাদিত বা আরোপিত সেই সকল লেনদেন, যেগুলোর জন্য কার্ডধারী চার্জ স্লিপ/ফর্মে স্বাক্ষর করেছেন কি না, তা বিবেচ্য নয়। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, তবে সীমাবদ্ধ থাকবে না, পণ্য/ পরিষেবাদি ক্রয়, নগদ অগ্রিম, কার্ড বা কার্ড নম্বর ব্যবহার করে অ্যাকাউন্ট থেকে তৈরি করা ড্রাফ্ট, বার্ষিক ফি, ফাইন্যান্স চার্জ, ওভার লিমিট ফি, লেট পেমেন্ট ফি, লেনদেন সংক্রান্ত চার্জ, পরিষেবা চার্জ, পণ্য ও পরিষেবা কর (জিএসটি) এবং যেকোনো অন্যান্য ফি/চার্জ/পরিমাণ যা এই চুক্তির আওতায় কার্ডধারী প্রদানে সম্মত হয়েছেন বা যার জন্য তিনি ব্যাংকের নিকট দায়বদ্ধ।

১.১৩ “নগদ উত্তোলন সীমা”-এর অর্থ হলো সেই নির্ধারিত পরিমাণ নগদ বা নগদের সমতুল্য অর্থ, যা কার্ডধারীকে ব্যাংকের কার্ড একাউন্টের মাধ্যমে অ-বিক্রয়মূলক লেনদেনের জন্য ব্যবহার করার অনুমতি প্রদান করা হতে পারে।

১.১৪ “সিভিভির” অর্থ হলো কার্ডধারীর ক্রেডিট কার্ডের পেছনের অংশে স্বাক্ষর প্যানেলে (চুম্বকীয় স্ট্রাইপের নিচে) উল্লিখিত শেষ তিন (৩) অঙ্কের সংখ্যা। সিভিভি একটি নিরাপত্তামূলক বৈশিষ্ট্য, যা ইন্টারনেট ব্যাঙ্কিং বা টেলিফোনের মাধ্যমে কার্ডধারীর পরিচয় নিশ্চিত করার উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

১.১৫ “ইলেকট্রনিক টার্মিনালে”-এর অর্থ হল যে কোনো শাখা টেলার টার্মিনাল, স্বয়ংক্রিয় টেলার মেশিন (এটিএম), পয়েন্ট অব সেল টার্মিনাল, ইডিসি (ইলেকট্রনিক ডেটা ক্যাপচার মেশিন) অথবা অন্যান্য যেকোনো যন্ত্র যার মাধ্যমে ক্রেডিট কার্ড এবং/ অথবা পিআইএন (ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর) ব্যবহার করা যায় এবং যা এই শর্তাবলির অধীনে ব্যাংক কর্তৃক অনুমোদিত।

১.১৬ “ফাইন্যান্স চার্জে”-এর অর্থ হল কার্ড একাউন্টে থাকা মোট বকেয়া অর্থের উপর আরোপিত সুদ, যা এই শর্তাবলির অধীনে প্রযোজ্য হবে এবং অন্তর্ভুক্ত থাকবে।

১.১৭ “ব্যাবসায়ী প্রতিষ্ঠানে”-এর অর্থ হল এমন কোনো কোম্পানি, কর্পোরেশন, প্রতিষ্ঠান, ফার্ম, সমিতি, ব্যক্তি বা অনুরূপ কোনো সত্তা, যাকে নেটওয়ার্ক পার্টনার (মাস্টারকার্ড/ভিসা/রুপেকার্ড) হিসেবে মনোনীত করা হয়েছে এবং/অথবা যার সঙ্গে একটি চুক্তি রয়েছে যাতে কার্ডধারী কার্ড বা কার্ড নম্বর ব্যবহার করে পণ্য, পরিষেবা বা নগদ অগ্রিম গ্রহণ করতে পারেন। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, তবে এতে সীমাবদ্ধ নয় — বিভিন্ন দোকান, শপিং আউটলেট, রেস্তোরাঁ, হোটেল, বিমান সংস্থা, নগদ অগ্রিম প্রদানকারী পয়েন্ট (যেমন: এটিএম), এবং ডাকযোগে অর্ডার গ্রহণকারী বিক্রেতা (যারা খুচরা বিক্রেতা, পরিবেশক বা প্রস্তুতকারক হিসেবে বিজ্ঞাপনে ক্রেডিট কার্ডের গ্রহণযোগ্যতা প্রদর্শন করেন)।

১.১৮ “আন্তর্জাতিক কার্ড লেনদেনে”র অর্থ হল বিদেশী ব্যবসায়ী আউটলেট, বিদেশে থাকা এটিএম, অথবা ভারতের বাইরে থেকে পরিচালিত ওয়েবসাইটে সম্পাদিত লেনদেন।

১.১৯ “ব্যাবসায়ী” এর অর্থ হল এমন কোন ব্যক্তি, যিনি ব্যাবসায়ী প্রতিষ্ঠানের মালিক, সেই প্রতিষ্ঠানের উত্তরাধিকারী এবং অনুমোদিত নিয়োগকারী।

১.২০ "ন্যূনতম বকেয়া অর্থরাশি" এর অর্থ হল কার্ড একাউন্টে মোট বকেয়া ব্যালেন্সের এমন একটি শতকরা পরিমাণ, যা ব্যাংক সময়ে সময়ে নির্ধারণ করবে, এবং যা প্রতি বিলিং সাইকেলে কার্ডধারীকে পরিশোধ করতে হবে এবং বকেয়া পরিমাণ পরবর্তী বিলিং সাইকেলে পরিশোধের জন্য স্থানান্তরিত হবে। এই চুক্তির উদ্দেশ্যে, এটি স্পষ্ট করা হচ্ছে যে, কার্ডধারীকে প্রতি বিলিং সাইকেলে ন্যূনতম পরিমাণ (এমএডি) পরিশোধ করতে হবে, এবং স্থানান্তরিত বকেয়া পরিমাণে ফাইন্যান্স চার্জ আরোপিত হবে, যা কার্ডধারীকে পরিশোধ করতে হবে। লেট পেমেন্ট ফি (“এলপিএফ”) প্রযোজ্য হবে যদি কার্ডধারী নির্ধারিত তারিখে ন্যূনতম পরিমাণ (“এমএডি”) এর চেয়ে কম বা কোন পরিশোধ না করেন।

১.২১ "ক্রয় (সমূহ)" এর অর্থ হল কার্ডধারী দ্বারা কার্ড ব্যবহার করে পণ্য ও পরিষেবা ক্রয় করা।

১.২২ "ব্যক্তি"র অর্থ কোন ব্যক্তি, কর্পোরেশন, ফার্ম, কোম্পানী, প্রতিষ্ঠান বা অন্য কোন প্রাকৃতিক বা বৈধ ব্যক্তি।

১.২৩ "ক্রয়ের তারিখ" মানে সেই তারিখ, যখন লেনদেনটি কার্ড একাউন্টে পোস্ট করা হয়, যা লেনদেন সম্পাদন করার তারিখটির থেকে ভিন্ন হতে পারে। সকল চার্জ এবং পুরস্কার এই তারিখ অনুযায়ী গণনা করা হবে।

১.২৪ "পেমেন্ট ডিউ ডেট" এর অর্থ সেই তারিখ, যার উপর কার্ড সম্পর্কিত কোনো বকেয়া পরিমাণ প্রদেয় হয় এবং পরিশোধের জন্য নির্ধারিত হয়।

১.২৫ "স্টেটমেন্ট" এর অর্থ একটি মাসিক হিসাবের বিবরণ, যা ব্যাংক কর্তৃক কার্ডধারীকে পাঠানো হয়, যেখানে সেই চিন পর্যন্ত প্রাথমিক কার্ডধারী এবং কোনো অ্যাড-অন কার্ডধারীর ব্যাংকের কাছে কার্ড একাউন্ট সম্পর্কিত আর্থিক দায়িত্বের তথ্য উল্লিখিত থাকে।

১.২৬ "মোট বকেয়া পরিমাণে এর অর্থ কার্ড একাউন্টে ব্যাংকের প্রাপ্য মোট অর্থের পরিমাণ, যার মধ্যে চার্জ, ফি এবং অন্য যেকোনো পরিমাণ অর্থ অন্তর্ভুক্ত থাকবে, যা ব্যাংক সময়ে সময়ে একটি বিলিং সাইকেলের মধ্যে আরোপ করতে পারবে। এই চুক্তির উদ্দেশ্যে, এটি স্পষ্ট করা হচ্ছে যে, মোট বকেয়া অর্থ প্রতিটি বিলিং সাইকেলের পরিশোধের সময় কার্ডধারীকে পরিশোধ করতে হবে, তবে উক্ত কার্ডধারী মোট বকেয়ার চেয়ে কম পরিমাণ অর্থ পরিশোধ করতে পারবেন, কিন্তু সেক্ষেত্রে প্রতিটি বিলিং সাইকেলে ন্যূনতম পরিমাণের চেয়ে (এমএডি) কম পরিমাণ অর্থ পরিশোধ করা যাবে না।

১.২৭ "ইভিএম পিন" বলতে ব্যাঙ্ক কর্তৃক ইস্যু করা ক্রেডিট কার্ডে লেনদেন সম্পাদনের জন্য নির্ধারিত ব্যক্তিগত পরিচয় সংখ্যা বোঝানো হয়।

১.২৮ "বৈধ কার্ড" এর অর্থ এমন একটি ক্রেডিট কার্ড যা ব্যাংক কর্তৃক প্রদান করা হয় এবং যা মেয়াদোত্তীর্ণ অথবা ক্ষতিগ্রস্ত নয় এবং ব্যাংক বা কার্ডধারীর দ্বারা বাতিল করা হয়নি।

## ২. আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ড

২.১ কার্ডধারী এই মর্মে সম্মত থাকবেন যে, তিনি এখানে বর্ণিত এবং ব্যাংক কর্তৃক সময়ে সময়ে ভারতীয় রিজার্ভ ব্যাংক (আরবিআই) বা অন্য কোনো বিধিবদ্ধ সংস্থার নির্দেশনা অনুযায়ী নিয়মাবলিতে পরিবর্তনের কারণে সংশোধিত শর্তাবলি মেনে চলবেন। এটি স্পষ্ট করা হচ্ছে যে, শুধুমাত্র তখনই কার্ডটি গৃহীত হবে, যখন কার্ডটি সঠিকভাবে পিছনের অংশে স্বাক্ষরিত থাকবে এবং কার্ডধারী তা মার্চেন্ট প্রতিষ্ঠানে ব্যবহার করবেন। কার্ডধারীকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে, যখন তিনি সিভিভি নম্বর কোনো তৃতীয় পক্ষের সাথে ভাগ করে নিচ্ছেন — বিশেষ করে অজানা ব্যক্তি, গোষ্ঠী বা ইন্টারনেট ওয়েবসাইটের ক্ষেত্রে — কারণ সিভিভি নম্বর জালিয়াতিমূলক লেনদেনের জন্য অপব্যবহার করা হতে পারে।

২.২ ক্রেডিট কার্ডটি ব্যাংকের সম্পত্তি এবং ব্যাংকের প্রয়োজন অনুযায়ী এটি তাৎক্ষণিকভাবে প্রদর্শন বা ব্যাংকের কাছে জমা দেওয়া বাধ্যতামূলক।

২.৩ কার্ডটি হস্তান্তরযোগ্য নয় এবং কার্ডধারীকে সব সময় এটি নিজের নিয়ন্ত্রণে রেখে অপব্যবহার থেকে রক্ষা করতে হবে।

২.৪ ভারতের বাইরে বৈদেশিক মুদ্রায় ক্রেডিট কার্ডের ব্যবহার ভারতীয় রিজার্ভ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট (এফইএমএ), ১৯৯৯-এর নিয়মাবলির অধীনে থাকবে। এই কার্ড এমন কোনো ওয়েবসাইটে লেনদেনের জন্য ব্যবহার করা যাবে না, যা ভারতীয় আইন অনুযায়ী নিষিদ্ধ — কারণ এর ফলে কার্ডধারীর উপর ফৌজদারি আইনি দায়িত্ব আরোপিত হতে পারে।

২.৫ কার্ডধারী নেপাল বা ভূটানে বৈদেশিক মুদ্রায় কোনও ধরনের পেমেন্টের জন্য ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারবেন না।

২.৬ যদি কার্ডধারী এক্সচেঞ্জ কন্ট্রোল রেগুলেশনসের সাথে সম্মত না হন, যার মধ্যে অন্তর্ভূক্ত, কিন্তু সীমিত নয় - অনলাইনে বিদেশী মুদ্রা ট্রেডিং, বিটকয়েন বা সম্পর্কিত স্পেকুলেটিভ কার্যকলাপ, তবে কার্ডধারী ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, ১৯৯৯ এবং এর অধীনে গৃহীত নিয়মাবলি অনুযায়ী কার্যবাহী আইনি পদক্ষেপের জন্য দায়ী হতে পারেন। কার্ডধারীকে ব্যাংক বা রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া (আরবিআই)-এর নির্দেশে আন্তর্জাতিকভাবে বৈধ ক্রেডিট কার্ড ধারণ করতে অযোগ্য ঘোষণা করা হতে পারে।

২.৬ প্রাথমিক কার্ডধারী এবং/অথবা অ্যাড-অন কার্ডধারী(রা) ক্রেডিট কার্ড গ্রহণ করার মাধ্যমে, এবং/অথবা কার্ডের পেছনে স্বাক্ষর করার মাধ্যমে, এবং/অথবা কার্ডে কোনো চার্জ আরোপের মাধ্যমে আর.বি.এল ব্যাংকের কার্ডধারী চুক্তিপত্রের সমস্ত শর্তাবলী, যা ব্যাংকের একক সিদ্ধান্ত অনুযায়ী সময়ে সময়ে সংশোধিত হতে পারে, সেগুলি মেনে নিয়েছেন বলে গণ্য করা হবে।

২.৭ ক্রেডিট কার্ড বৈদেশিক মুদ্রা ট্রেডিংয়ের জন্য ইলেকট্রনিক/ইন্টারনেট ট্রেডিং পোর্টালের মাধ্যমে সরাসরি/পরোক্ষভাবে করা হয়, এমন পেমেন্টের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না। নিয়ন্ত্রক নির্দেশিকাগুলির অধীনে এটি নিষিদ্ধ।

## ৩. ক্রেডিট কার্ডের ব্যবহার

৩.১ ক্রেডিট কার্ড গ্রহণের পর, কার্ডধারী অবিলম্বে ক্রেডিট কার্ডের পেছনের অংশে সিগনেচার প্যানেলে স্বাক্ষর করবেন।

৩.২ ক্রেডিট কার্ডটি পণ্য এবং / অথবা পরিষেবাদি ক্রয়ের সাথে সম্পর্কিত প্রকৃত ব্যক্তিগত বা ব্যবসা সংক্রান্ত একক প্রয়োজনের জন্য ব্যবহার করা যেতে পারে।

৩.৩ কোন চার্জ প্রদানের সময় কার্ডধারীকে অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট চার্জ স্লিপ, ক্যাশ অ্যাডভান্স স্লিপ, বা মেইল অর্ডার কুপনটি স্বাক্ষর করতে হবে এবং/অথবা সংগ্রহ করতে হবে। চার্জ স্লিপে স্বাক্ষর না করার কারণে কার্ডধারী উক্ত চার্জের জন্য দায় মুক্ত হবেন না। কার্ডধারীদের অবশ্যই কমপক্ষে ছয় মাসের জন্য চার্জ স্লিপের অনুলিপি সংরক্ষণ করতে হবে। আপনার অনুরোধের ভিত্তিতে, ব্যাংক, তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে, চার্জ স্লিপের অনুলিপি সরবরাহ করতে পারে, প্রচলিত হারে অতিরিক্ত চার্জ প্রদান সাপেক্ষে।

৩.৪ ব্যাংক যে কোনও সময়, একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানে পেমেন্টের জন্য অনুমোদন প্রদান করতে অস্বীকার করতে পারে এবং/অথবা কার্ডধারীর কার্ড ব্যবহারের ক্ষমতা সীমিত বা স্থগিত করতে পারে এবং/অথবা ক্রেডিট কার্ড বাতিল বা সাসপেন্ড করতে পারে। ব্যাংক একটি এটিএম বা মার্চেন্ট প্রতিষ্ঠানের মাধ্যমে অথবা নিজে ক্রেডিট কার্ড পুনরুদ্ধার করতে পারে অথবা ক্রেডিট কার্ডের বকেয়া পরিমাণের আংশিক বা পূর্ণ পরিশোধের জন্য অবিলম্বে দাবি করতে পারে, যদি ব্যাংক যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করে যে এটি সঠিকভাবে ক্রেডিট বা ব্যবসায়িক ঝুঁকি পরিচালনার জন্য প্রয়োজনীয় অথবা যদি দেখা যায় যে ক্রেডিট কার্ড বা কার্ড অ্যাকাউন্টটির অপব্যবহার হচ্ছে বা অপব্যবহার হওয়ার সম্ভাবনা রয়েছে। কার্ডধারী উপরোক্ত শর্তে কোনো আপত্তি বা বিরোধ ছাড়াই সম্মত থাকবেন।

৩.৫ ব্যাংক কর্তৃক প্রাপ্ত যেকোনো চার্জ স্লিপ বা অন্য কোনো পেমেন্ট রিকোয়িজিশন, যা কার্ড অ্যাকাউন্টে কোনো লেনদেনের ক্ষেত্রে পরিশোধের জন্য প্রাপ্ত হয়েছে, এক্ষেত্রে চূড়ান্ত প্রমাণ হবে যে এই জাতীয় চার্জ স্লিপ বা অন্যান্য অনুরোধে রেকর্ডকৃত পরিমাণ কার্ডধারী কর্তৃক কার্ড ব্যবহারের দ্বারা ব্যয় করা হয়েছিল। যেখানে চার্জ স্লিপ বা ভাউচার উপলব্ধ নয়, যেমন মেইল অর্ডার, টেলিফোন অর্ডার বা ইলেকট্রনিক কমার্স (যেমন ইন্টারনেট), এবং আপনি ঐ লেনদেনকে বিরোধীতা করেন, সেক্ষেত্রে কার্ডধারী প্রথমে ক্রেডিট কার্ডের বকেয়া পরিশোধ করবেন এবং সংশ্লিষ্ট মার্চেন্ট প্রতিষ্ঠানের সাথে সরাসরি সমস্যাটি মিটিয়ে নেবেন। এর জন্য ব্যাংক কোনওভাবেই দায়ী থাকবে না।

৩.৬ কিছু নির্দিষ্ট পণ্য এবং সেবার ক্রয়ের উপর সারচার্জ আরোপ করা হতে পারে, যা ব্যাংক সময়ে সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেবে। সারচার্জ পরিশোধ করা বাধ্যতামূলক এবং এটি সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে। পেট্রোল পাম্পে লেনদেনের উপর সারচার্জ হবে লেনদেনের পরিমাণের ১%, যা ন্যূনতম ১০ টাকা

হবে। রেলওয়ে টিকিট কেনা/বাতিলের ক্ষেত্রে সারচার্জ হবে আইআরসিটিসি সার্ভিস চার্জ + লেনদেনের পরিমাণের ১.৮% পর্যন্ত।

৩.৭ যদি কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠান কার্ড গ্রহণে অস্বীকার করে অথবা কার্ডের উপর সারচার্জ আরোপ করে, তবে ব্যাংক কোনোভাবে দায়ী থাকবে না। তবে, কার্ডধারীকে উক্ত কার্ড গ্রহণে অস্বীকার বা সারচার্জ আরোপের বিষয়টি ব্যাংককে অবহিত করতে হবে এবং এই অভিযোগটি ব্যাংক কর্তৃক সময়ে সময়ে বিজ্ঞাপিত ঠিকানায় বা নির্ধারিত গ্রাহক পরিষেবা কেন্দ্রে জানাতে হবে।

৩.৮ কার্ডধারী কর্তৃক ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং/অথবা তৃতীয় পক্ষের সরবরাহকারীদের নিকট থেকে ক্রয়কৃত বা গৃহীত পণ্য বা পরিষেবার গুণগত মান, মূল্য, হার, পরিমাণ, ওয়ারেন্টি, সুবিধা, লাভ ও পরিষেবা — যেমন পরিষেবার ঘাটতি/বিলম্ব, ডেলিভারি বা অন ডেলিভারির ক্ষেত্রে —ব্যাংক কোনো অবস্থাতেই দায়ী থাকবে না বা দায় গ্রহণ করবে না। এর মধ্যে মেইল অর্ডারের মাধ্যমে সম্পাদিত ক্রয়ও অন্তর্ভুক্ত। এইরূপ যেকোনো বিরোধ নিষ্পত্তির দায়িত্ব একান্তভাবে কার্ডধারীর, যা তাকে সংশ্লিষ্ট মার্চেন্ট প্রতিষ্ঠান বা তৃতীয় পক্ষের সরবরাহকারীর সাথে সরাসরি নিষ্পত্তি করতে হবে এবং তা করতে ব্যর্থ হলে এটি ব্যাংকের প্রতি কার্ডধারীর আর্থিক দায়বদ্ধতা থেকে অব্যাহতি প্রদান করবে না।

৩.৯ ব্যবসায়ী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কার্ডধারীর কোনো দাবি ব্যাংকের বিরুদ্ধে সেট-অফ বা কাউন্টারক্লেম (প্রতিদাবি) হিসেবে গণ্য হবে না।

৩.১০ ব্যাংকের একক বিবেচনায়, কার্ড যেকোনো সময় স্থগিত বা প্রত্যাহার করা যেতে পারে, এবং এই বিষয়ে কার্ডধারীর প্রতি ব্যাংক কোনোভাবে দায়বদ্ধ থাকবে না। কার্ড এবং কার্ডধারীর চুক্তির সমাপ্তির ফলে, উক্ত কার্ডের সঙ্গে সংশ্লিষ্ট সমস্ত সুবিধা, বিশেষাধিকার ও পরিষেবা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৩.১১ আরও স্পষ্ট করা হয়েছে যে কার্ডমেম্বার যে কোনও / সমস্ত পণ্য / পরিষেবাদি ক্রয়ের জন্য অর্থ প্রদান করবেন, যার মধ্যে বিমান / রেল টিকিট অন্তর্ভুক্ত রয়েছে তবে সীমাবদ্ধ নয় — কার্ডধারীকে স্টেটমেন্টে উল্লিখিত পরিমাণ অনুযায়ী অর্থ প্রদান করতে হবে, যাতে পরে বাতিল হয়ে গেলেও আর্থিক দায়বদ্ধতা বা ফি চার্জ এড়ানো যায়। রিফান্ড অর্থ (ক্যান্সেলেশন চার্জ বাদ দিয়ে) শুধুমাত্র ব্যাংক কর্তৃক বাতিলকরণের তথ্য প্রাপ্তির পরই কার্ড অ্যাকাউন্টে জমা করা হবে। কার্ডধারীকে কোনো নগদ অর্থ ফেরত দেওয়া হবে না। যদি নির্দিষ্ট সময়ের মধ্যে রিফান্ডটি স্টেটমেন্টে প্রতিফলিত না হয়, তবে কার্ডধারীকে অবিলম্বে ব্যাংককে জানাতে হবে।

৩.১২ কার্ডধারী কার্ডের ব্যবহার সংক্রান্ত প্রযোজ্য আইন, বিধি-বিধান, নিয়মাবলি এবং এই কার্ডধারী চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলীর লঙঘনের জন্য সম্পূর্ণভাবে দায়ী থাকবেন। তিনি আরও অঙ্গীকার করেন যে, তাঁর জ্ঞাতসারে বা অজ্ঞাতে সংঘটিত যেকোনো কার্য বা অবহেলার ফলে ব্যাংকের যে কোনো ধরনের আর্থিক ক্ষতি, যার মধ্যে অন্তর্ভূক্ত কিন্তু সীমাবদ্ধ নয় - যে কোনোও প্রকারের সুদ, পরিবর্তিত ব্যয়, সার্ভিস চার্জ, বা অন্য যে কোনো প্রকার খরচ - এর জন্য তিনি ব্যাংককে সম্পূর্ণরূপে ক্ষতিপূরণ প্রদান করবেন এবং ব্যাংককে সকল দায় থেকে মুক্ত রাখবেন।

৩.১৩ ব্যাংক কর্তৃক কার্ডধারীকে প্রদত্ত পরিষেবাসমূহের উপর আরোপিত সকল প্রকার আইনসম্মত কর/চার্জ/শুল্কাদি পরিশোধের জন্য কার্ডধারী দায়বদ্ধ থাকবেন।

৩.১৪ কার্ডধারী উক্ত বিষয়ে সম্মতি প্রদান করেন এবং এর মাধ্যমে আরবিএল ব্যাংক লিমিটেড-কে বৈদেশিক মুদ্রায় সংঘটিত যেকোনো খরচ ভারতীয় মুদ্রায় রূপান্তরের জন্য অনুমোদন প্রদান করেন, যা ব্যাংক তার একক বিবেচনা ও নিয়মাবলির ভিত্তিতে নির্ধারিত হারে রূপান্তরিত করবে।

## ৪. ফি

৪.১ কার্ড অ্যাকাউন্টে ফি এবং চার্জ আরোপ করার সমস্ত অধিকার ব্যাংক কর্তৃক সংরক্ষিত। কার্ডধারী সম্মতি প্রদান করছেন যে, তিনি কার্ডের জন্য নিম্নলিখিত ফি পরিশোধ করবেন :

ক) সদস্যতা ফি (বার্ষিক/মাসিক): ক্রেডিট কার্ড ইস্যুর সময় প্রযোজ্য হার অনুযায়ী এবং পরবর্তী সময়ে প্রতি বছর, যে মাসে ক্রেডিট কার্ডটি প্রদান করা হয়েছিল, সেই মাসে এই সদস্যতা ফি আরোপিত হবে, যতক্ষণ না ক্রেডিট কার্ডটি বন্ধ করা হয়। সদস্যতা ফি অগ্রিম পরিশোধযোগ্য।

খ) অ্যাড-অন কার্ডের সদস্যতা ফি: প্রতিটি অ্যাড-অন কার্ড ইস্যুর সময় প্রযোজ্য হার অনুযায়ী এবং পরবর্তী সময়ে প্রতি বছর, যে মাসে উক্ত অ্যাড-অন কার্ডটি প্রদান করা হয়েছিল, সেই মাসে এই সদস্যতা ফি আরোপিত হবে, যতক্ষণ না কার্ডটি বন্ধ করা হয়।

৪.২ এখানে বর্ণিত ফি এবং চার্জগুলি ফেরতযোগ্য নয় এবং আপনাকে পূর্বে নোটিশ সরবরাহ করার সাপেক্ষে আরবিএল ব্যাংকের নিজস্ব বিবেচনার ভিত্তিতে সংশোধন করা যেতে পারে। কার্ডধারী সম্মত হন যে, উক্ত ফি ও চার্জসমূহ ব্যাংক কর্তৃক প্রদত্ত মাসিক বিবরণীতে অন্তর্ভুক্ত করে আদায় করা হবে।

৪.৩ অন্যান্য ফি ও চার্জ

কার্ডধারী ব্যাংক কর্তৃক আরোপিত এবং/অথবা ব্যয়কৃত সকল প্রকার চার্জ পরিশোধে সম্মত থাকবেন, যার মধ্যে প্রতিস্থাপন এবং ডুপ্লিকেট স্টেটমেন্টের জন্য চার্জ, নগদ অগ্রিমের উপর লেনদেন ফি, আউটস্টেশন ফি, আইনি খরচ, এবং অন্য কোনও ফি/চার্জ অন্তর্ভুক্ত, তবে এতদ্বারা সীমাবদ্ধ নয়।

৪.৪ আইনি ফি

যদি বকেয়া পরিশোধে ব্যর্থতা ঘটে এবং ব্যাংক ঋণ পুনরুদ্ধারের জন্য আইনি পদক্ষেপ গ্রহণ করে, তাহলে কার্ডধারীকে ব্যাংকের দ্বারা ব্যয়িত সমস্ত আইনগত খরচ পরিশোধ করতে হবে, যার মধ্যে আদালতের ফি, আইনজীবীর ফি এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যয় অন্তর্ভুক্ত থাকবে কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়।

## ৫. কার্ড ইস্যুর শর্তাবলির দায়িত্বভার

৫.১ ব্যাংক তার ক্রেডিট কার্ড পণ্যতে আগ্রহী আবেদনকারী বা সাধারণ সদস্য, যারা ব্যাংকের ক্রেডিট কার্ড প্রদান সংক্রান্ত নিয়মাবলী অনুসারে যোগ্য, তাদেরকে ক্রেডিট কার্ড প্রদান করবে। ব্যাংক তার একক বিবেচনার ভিত্তিতে যে কোনো কার্ডধারীকে প্রদানযোগ্য ক্রেডিট লিমিট এবং/অথবা নগদ উত্তোলন সীমা নির্ধারণ করবে। এই ক্রেডিট লিমিট এবং/অথবা নগদ উত্তোলন সীমা বিভিন্ন সময়ে, যেমন - ক্রেডিট কার্ড বিতরণের সময় এবং কার্ডধারীর পর্যায়ক্রমিক বিবরণীর মাধ্যমে সংশ্লিষ্ট কার্ডধারীকে অবহিত করা হবে। প্রতিটি পর্যায়ক্রমিক বিবরণী প্রস্তুতির সময় যে উপলব্ধ ক্রেডিট লিমিট এবং/অথবা নগদ উত্তোলন সীমা থাকবে, তা বিবরণীতে উল্লেখ করা হবে এবং ব্যাংক তার একক বিবেচনার ভিত্তিতে কার্ডধারীর হিসাব পর্যালোচনা করে এই ক্রেডিট লিমিটের পরিমাণ পরিবর্তন করতে পারে। যদি কোনো কার্ডধারী তার ক্রেডিট লিমিট এবং/অথবা নগদ উত্তোলন সীমা বৃদ্ধি বা পরিবর্তন করতে চান, তবে তারা ব্যাংকের কাছে লিখিতভাবে আবেদন করতে পারবেন এবং ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় যে কোনো তথ্য তাঁকে জমা দিতে হবে। ব্যাংক, তার একক বিবেচনার ভিত্তিতে এবং প্রদত্ত নতুন তথ্য অনুযায়ী, উক্ত সীমা/সীমাসমূহ পরিবর্তন করার সিদ্ধান্ত নিতে পারে।

৫.২ এই শর্তাবলী এবং শর্তাবলীর অধীন নিয়মাবলি, ক্রেডিট কার্ড গ্রহণ/সোয়াইপ করার মাধ্যমে এবং তার ব্যবহার শুরু করার পর কার্ডধারীর জন্য বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হবে।

৫.৩ কোনও উপকরণ (মার্কেটিং উপকরণসহ) ব্যাংক কর্তৃক ক্রেডিট কার্ড প্রদান করার প্রস্তাব/প্রতিশ্রুতি হিসেবে গণ্য হবে না, যা ব্যাংকের আবেদনকারীদের বা সাধারণ সদস্যদের ক্রেডিট কার্ডে আগ্রহ প্রকাশের সাথে সম্পর্কিত। এতে অ্যাড-অন ক্রেডিট কার্ড প্রদান করার জন্য আবেদন/অনুরোধ অন্তর্ভুক্ত রয়েছে।

৫.৪ ব্যাঙ্ক কর্তৃক একটি অ্যাড-অন ক্রেডিট কার্ড প্রদান করা হলে, প্রাথমিক কার্ডধারী সর্বদা নিজের এবং অ্যাড-অন কার্ডধারীর দ্বারা পরিচালিত লেনদেনের কারণে ব্যাংককে প্রদেয় মোট অর্থের পরিমাণের জন্য এককভাবে দায়বদ্ধ থাকবেন।

৫.৫ ব্যাংক, ক্রেডিট কার্ডে আগ্রহী আবেদনকারী বা সাধারণ সদস্যদের নিকট থেকে, ব্যাংকের একক বিবেচনার ভিত্তিতে বা প্রযোজ্য আইন অনুসারে যে কোনো প্রয়োজনীয় দলিল বা তথ্য চাইতে পারে।

**৬. কার্ডের মেয়াদ, মেয়াদ উত্তীর্ণের সময় এবং নবীকরণ**

৬.১ কার্ডধারীর ক্রেডিট কার্ড ঐ বছরের ক্যালেন্ডার মাসের শেষ দিন পর্যন্ত বৈধ থাকবে, যেটি ক্রেডিট কার্ডের সামনের অংশে উল্লেখিত রয়েছে, যতক্ষণ না ব্যাংক তার পূর্বে এটি বাতিল করে।

৬.২ মেয়াদ উত্তীর্ণ বা বাতিলের পরে, ক্রেডিট কার্ড ব্যাংকের নিজস্ব বিবেচনার ভিত্তিতে পুনর্নবীকরণ বা পুনর্বহাল করা হতে পারে। মেয়াদ শেষ হওয়ার পরে, ক্রেডিট কার্ডটি চৌম্বকীয় স্ট্রিপের উপরে অর্ধেক কেটে নষ্ট করে ফেলতে হবে। এছাড়াও, ক্রেডিট কার্ডের চিপটি (যদি থাকে) দুটি টুকরো করে কেটে সেটিকে নষ্ট করতে পারেন।

৬.৩ যদি কার্ডধারী এই চুক্তির শর্তাবলী ভঙ্গ না করেন অথবা এর অধীনে কোনো নিয়ম লঙ্ঘিত না হয়, তবে ব্যাংক স্বয়ংক্রিয়ভাবে ক্রেডিট কার্ডের বৈধতা নবীকরণ করবে এবং বর্তমান ক্রেডিট কার্ডের মেয়াদ শেষ হওয়ার আগে নতুন কার্ডটি কার্ডধারীকে প্রেরণ করবে। নবীকৃত কার্ড না পাওয়া গেলে, কার্ডধারী ব্যাংকের নির্ধারিত কাস্টমার সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে পারেন অথবা ব্যাংকে সেই ঠিকানায় লিখিতভাবে যোগাযোগ করতে পারেন, যেটি সময়ে সময়ে কার্ডধারীকে জানানো হবে।

৬.৪ যদি কার্ডধারী ক্রেডিট কার্ড নবীকরণ না করতে চান, তবে তাঁকে বর্তমানে ব্যবহৃত ক্রেডিট কার্ডের মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০ দিন আগে ব্যাংককে তা জানাতে হবে। যদি কার্ডধারী কোনো প্রকার বাতিলকরণের পূর্বে লিখিতভাবে ব্যাংককে অবহিত না করেন, তবে বার্ষিক ফি (যা আবেদনকালীন সময়ে প্রযোজ্য ছিল) কার্ডধারীর কার্ড অ্যাকাউন্টে চার্জ করা হবে এবং তা ফেরতযোগ্য হবে না।।

৬.৫ ক্রেডিট কার্ড নবীকরণের অনুরোধটি প্রক্রিয়াকরণ করার জন্য স্থায়ী একাউন্ট নম্বর (প্যান) তথ্য জমা দেওয়া বাধ্যতামূলক। যদি প্যান সংক্রান্ত তথ্য মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে আমাদের কাছে আপডেট না করা হয়, তবে নবীকরণের অনুরোধটির প্রক্রিয়াকরণ করা হবে না। যদি ক্রেডিট কার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৯০ দিনের মধ্যে প্যান সংক্রান্ত তথ্য প্রাপ্ত না হয়, তবে ক্রেডিট কার্ড অ্যাকাউন্টটি স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হবে এবং পরবর্তী কোনো প্রকার লেনদেন অনুমোদিত হবে না।

**৭. অ্যাড-অন-কার্ড**

৭.১ কার্ড অ্যাকাউন্টে একাধিক অ্যাড-অন কার্ড থাকতে পারে, যার সংখ্যা ব্যাংকের নিজস্ব বিবেচনার ভিত্তিতে নির্ধারিত হবে।

৭.২ কার্ডধারীর কাছ থেকে অনুরোধ / অনুমোদন পাওয়ার পরে, ব্যাংক তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে অ্যাড-অন কার্ডধারীকে অ্যাড-অন কার্ডটি ইস্যু করতে পারে। কার্ডধারী ব্যাংক কর্তৃক ইস্যু করা অ্যাড-অন কার্ডের জন্য আবেদনপত্রে প্রয়োজনীয় বিবরণ/তথ্য ব্যবহার করার ক্ষেত্রে যে আত্মীয়ের জন্য অ্যাড-অন কার্ডের আবেদন করা হয়েছে তার যথাযথ সম্মতি নেওয়ার পরেই অ্যাড-অন কার্ডের জন্য আবেদন করবেন।

৭.৩ কার্ডধারী সম্পূর্ণরূপে দায়ী এবং দায়বদ্ধ থাকবেন অ্যাড-অন কার্ডে সংঘটিত সমস্ত লেনদেন এবং চার্জের জন্য, যা তাদের অ্যাকাউন্ট স্টেটমেন্টে অন্তর্ভুক্ত হবে পরিশোধের জন্য। কার্ডধারী এবং অ্যাড-অন কার্ডধারী উভয়ই যৌথভাবে এবং আলাদা আলাদা ভাবে ব্যাংকের কাছে সমস্ত চার্জের জন্য দায়বদ্ধ থাকবেন, যদিও মাসিক অ্যাকাউন্ট স্টেটমেন্ট শুধুমাত্র তাদের কাছে পাঠানো হতে পারে। এই শর্তাবলী এবং শর্তাবলীর অধীন, অ্যাড-অন কার্ডধারীদের জন্যও তা প্রযোজ্য হবে।

৭.৪ কার্ডধারী ব্যাংকের কাছে অনুরোধ জানিয়ে এবং অ্যাড-অন কার্ডটি অর্ধেক কেটে ব্যাংকে ফেরত পাঠিয়ে অ্যাড-অন কার্ডের সুবিধাটি প্রত্যাহার করতে পারেন। ব্যাংক সেটি গ্রহণ করার পর, অ্যাড-অন কার্ডটি বাতিল করবে।

বাতিল করা অ্যাড-অন কার্ডটি ব্যাংক কর্তৃক গ্রহণের পূর্বে যে সমস্ত লেনদেন অ্যাড-অন কার্ডে সংঘটিত হয়েছিল এবং বিল করা হয়নি, সেগুলি বৈধ বলে গণ্য হবে এবং কার্ডধারীর জন্য পরিষোধ করা বাধ্যতামূলক হবে।

৭.৫ অ্যাড-অন কার্ডের সুবিধাটি সম্পূর্ণরূপে প্রাথমিক কার্ডধারীকে ইস্যু করা ক্রেডিট কার্ডের চলমানতার ওপর নির্ভরশীল হবে এবং যদি প্রাথমিক কার্ডধারীকে ইস্যু করা ক্রেডিট কার্ডটি বাতিল/সমাপ্ত/প্রত্যাহৃত হয়, তবে অ্যাড-অন কার্ডের সুবিধাটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

## ৮. ইএমভি পিন সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী

৮.১ ইএমভি পিন হল একটি পিন যা ব্যাংকের রেকর্ডে থাকা নিবন্ধিত ঠিকানায়, বা নিবন্ধিত মোবাইল নম্বরে এসএমএস/ইমেইলের মাধ্যমে প্রেরিত হয়। ক্রেডিট কার্ড ব্যবহার করে অফলাইন লেনদেন সম্পাদনের জন্য ইএমভি পিন অপরিহার্য। ইএমভি পিন না পাওয়া গেলে, কার্ডধারী আরবিএল ব্যাংকের কাস্টমার কেয়ারে কল করে, ইন্টারনেট ব্যাংকিং-এর মাধ্যমে অথবা ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো মাধ্যমে পিন জেনারেট করতে পারবেন। কার্ডধারী যদি ভুল নিবন্ধিত মোবাইল নম্বর প্রদান করে থাকেন, তবে এর জন্য ব্যাংক কোনোভাবেই দায়ী থাকবে না।

৮.২ কার্ডধারী স্বীকার করেন এবং সম্মত হন যে, মোবাইল পরিষেবা প্রদানকারী, ইন্টারনেট পরিষেবা প্রদানকারী অথবা ব্যাংকের নিয়ন্ত্রণের বাইরে অন্য যেকোনো কারণবশত ইএমভি পিন প্রাপ্তি বিলম্বিত বা ব্যাহত হতে পারে। ব্যাংক ইএমভি পিন সরবরাহের নিশ্চয়তা প্রদান করে না।

৮.৩ কার্ডধারী সম্মত হন যে, ব্যাংক, এর পরিচালকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং প্রতিনিধিদের যেকোনো ধরনের ক্ষয়ক্ষতি বা আর্থিক লোকসান (আইনজীবীর ফিসহ), যা সরাসরি বা পরোক্ষভাবে, সম্পূর্ণ বা আংশিকভাবে নিম্নলিখিত কারণে সংঘটিত হতে পারে, সেক্ষেত্রে কার্ডধারী ব্যাংককে সম্পূর্ণরূপে দায়মুক্ত রাখবেন —

ক) ইএমভি পিন না পাওয়া, বিলম্বে পাওয়া বা ভুল ঠিকানায় প্রেরিত হওয়া;

খ) উক্ত কারণে কার্ডধারীর পক্ষে ক্রেডিট কার্ড ব্যবহার করে লেনদেন সম্পাদনে ব্যর্থতা বা অক্ষমতা; এবং

গ) ইএমভি পিনের অপব্যবহার, অননুমোদিত ব্যবহার, হারিয়ে যাওয়া বা চুরির ফলে কার্ডধারীর দ্বারা ভোগান্তি বা ক্ষয়ক্ষতির সম্মুখীন হওয়া।

৮.৪ কার্ডধারী, ব্যাংক কর্তৃক নির্ধারিত বা সময়ে সময়ে একক এবং চূড়ান্ত বিবেচনায় প্রদত্ত ইএমভি পিন-এর সুরক্ষার সঙ্গে সম্পর্কিত সকল নির্দেশনা, শর্তাবলী ও নির্দিষ্টকরণ যথাযথভাবে পালন করবেন। উপরোক্ত সাধারণ শর্তাবলীর পরিপ্রেক্ষিতে, কার্ডধারী কোনো অবস্থাতেই নিজে ছাড়া অন্য কোনো ব্যক্তিকে উক্ত ইএমভি পিন ব্যবহারের অনুমতি দেবেন না বা ব্যবহার করতে দেবেন না।

৮.৫ কার্ডধারী ইএমভি পিন-এর গোপনীয়তা রক্ষা করার জন্য দায়বদ্ধ থাকবেন এবং অন্য কোনো ব্যক্তি বা পক্ষের নিকট ইএমভি পিন প্রকাশ করবেন না। তিনি তৃতীয় পক্ষ বা অন্য কারো দ্বারা ইএমভি পিন এবং/অথবা পাসওয়ার্ড জ্ঞাত হওয়া থেকে প্রতিরোধের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন। কার্ডধারী ইএমভি পিন সহ সেই মোবাইল ফোন বা ডিভাইসটির নিরাপত্তাও নিশ্চিত করবেন, যার মাধ্যমে উক্ত ইএমভি পিনটি প্রাপ্ত হয়েছে এবং সেটিকে অননুমোদিত ব্যবহারের হাত থেকে সুরক্ষিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

৮.৬ ইএমভি পিন ব্যবহার করে সম্পাদিত সকল লেনদেনের জন্য কার্ডধারী সম্পূর্ণভাবে দায়বদ্ধ থাকবেন।

৮.৭ ইএমভি পিন ব্যবহার করে প্রমাণীকৃত লেনদেনের ক্ষেত্রে কার্ডধারী চার্জব্যাকের জন্য যোগ্য হবেন না।

৮.৮ কার্ডধারীকে ২৪-ঘণ্টা গ্রাহক সেবা নম্বরে কল করে ব্যাংককে অবিলম্বে অবহিত করতে হবে :

ক) যদি ব্যাংকের সাথে নিবন্ধিত কোনো নম্বর বা ডিভাইস হারিয়ে যায় বা চুরি হয়ে যায়, অথবা নির্ধারিত উদ্দেশ্য অনুযায়ী কাজ করতে ব্যর্থ হয়,

খ) যদি কার্ডধারীর কাছ থেকে কোনো ইএমভি পিনের নিরাপত্তা বা গোপনীয়তা ভঙ্গ হয়েছে, এমন কোনো প্রমাণ বা সন্দেহ থাকে, অথবা যদি কোনো ইএমভি পিনের অননুমোদিত ব্যবহার ঘটে থাকে, অথবা

গ) যেকোনো মোবাইল ফোন বা অন্যান্য ডিভাইস (যেমন ব্যবহার হয়), যেগুলি কার্ডধারী ইএমভি পিন তৈরি এবং/অথবা গ্রহণ করার জন্য ব্যবহার করে, সেগুলি হারিয়ে গেলে, পরিবর্তন করা হলে এবং/অথবা নম্বর পরিবর্তন করা হলে, তার ফলস্বরূপ হওয়া ক্ষতির জন্য কার্ডধারী একমাত্র দায়ী এবং দায়বদ্ধ থাকবেন। কার্ডধারী যদি উপরের শর্তাবলী অনুসরণ না করেন, তবে সেই কারণে যে কোনো ক্ষতি হলে তা সম্পূর্ণভাবে কার্ডধারীর দায়িত্ব হবে। কার্ডধারীর অবহেলার কারণে ইএমভি পিনটি হারিয়ে গেলে, চুরি হলে বা সেটির অপব্যবহার ঘটলে, তার কারণে আর্থিক দায়ভার কার্ডধারী বহন করবেন। এটি কার্ড একাউন্ট বাতিলের কারণ হতে পারে।

৮.৯ যদি ব্যাংক মনে করে যে ইএমভি পিনের অপব্যবহার হচ্ছে বা যথাযথ অনুমোদন ছাড়াই ব্যবহার করা হচ্ছে, তবে ব্যাংক কোনো প্রকার লেনদেন গ্রহণ করতে অস্বীকার করতে পারে।

৮.১০ ব্যাংক, তার একক এবং পূর্ণাঙ্গ বিবেচনায়, বিদ্যমান ক্রেডিট কার্ডের জন্য নতুন একটি ইএমভি পিন প্রদান করতে পারে। এখানে উল্লিখিত শর্তাবলী এবং ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত নিয়মাবলির আওতায়, কার্ডধারী ব্যাংককে দায়ী করবেন না যদি কার্ড এবং/অথবা ইএমভি পিনের অপব্যবহার/প্রতারণামূলক/অননুমোদিত/অনুলিপি/ভুল ব্যবহার ঘটে।

৮.১১ ব্যাংক, তার একক এবং পূর্ণাঙ্গ বিবেচনায়, যেকোনো সময়, যেকোনো মুহূর্তে, কোনো কারণ ব্যতিরেকে ইএমভি পিনের ব্যবহার বাতিল করতে অথবা ইএমভি পিনের প্রতিস্থাপন বা সংশোধন করতে পারবে এবং এর ফলস্বরূপ যে কোনো ক্ষতি বা হানির জন্য ব্যাংক দায়ী থাকবে না।

## ৯. নগদ অগ্রিম (ক্যাশ অ্যাডভান্স)

৯.১ কার্ডধারী ক্রেডিট কার্ডটি ব্যাংকের এটিএম, নির্বাচিত অংশীদার ব্যাংকসমূহ এবং অন্যান্য স্থান/অনুমোদিত প্রতিষ্ঠানে নগদ উত্তোলনের জন্য ব্যবহার করতে পারবেন, যা ব্যাংক সময়ে সময়ে তার একক বিবেচনায় নির্ধারণ করতে পারে, এবং অন্যান্য কোনো নগদ সমতুল্য লেনদেন যেমন, ডিমান্ড ড্রাফটের সুবিধা, যা ব্যাংক সময়ে সময়ে অনুমোদিত করবে। এই সমস্ত নগদ অগ্রিম এবং নগদ সমতুল্য লেনদেনের জন্য, কার্ডধারী সমস্ত আইন, নিয়ম এবং বিধিমালা মেনে চলতে বাধ্য থাকবেন, যার মধ্যে অন্তর্ভূক্ত কিন্তু সীমাবদ্ধ নয় - ফরেন এক্সচেঞ্জ আইন, ১৯৯৯ এবং এর অধীনে থাকা নিয়মাবলি এবং আরবিআই ও অন্যান্য সরকারি সংস্থার দ্বারা প্রচারিত নিয়মাবলী। কার্ডধারী এটিএম পিন/কোড, যা ব্যাংক নগদ অগ্রিমের জন্য প্রদান করেছে, তা অন্য কোনো ব্যক্তির কাছে প্রকাশ করবেন না। কার্ডধারী তার সুরক্ষা নিশ্চিত করতে এবং কোনো ব্যক্তির দ্বারা এটি জ্ঞাত হওয়া থেকে প্রতিরোধে সব ধরনের সতর্কতা গ্রহণ করবেন। কার্ডধারীকে এটিএম দ্বারা হওয়া লেনদেনের সমস্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৯.২ কার্ডধারী ক্রেডিট কার্ডে নগদ উত্তোলন সীমার নির্ধারিত পরিমাণ পর্যন্ত নগদ অগ্রিম উত্তোলন করতে পারবেন। ব্যাংক নগদ উত্তোলন সীমার উপলব্ধ পরিমাণ এবং নগদ অগ্রিম লেনদেনের জন্য প্রযোজ্য শর্তাবলী অনুযায়ী সময়ে সময়ে এই পরিমাণ নির্ধারণ ও পরিবর্তন করতে পারবে।

৯.৩ ব্যাঙ্ক কর্তৃক প্রদত্ত বিবরণীতে চার্জ ধার্য করা হবে এবং বিল করা হবে। এই ধরনের চার্জগুলি ব্যাঙ্কের নিজস্ব বিবেচনার ভিত্তিতে এবং পরিবর্তন সাপেক্ষে প্রত্যাহারের তারিখ থেকে নিষ্পত্তির তারিখ পর্যন্ত আরোপ করা হবে।

৯.৪ অতিরিক্ত সুদের হার প্রযোজ্য হওয়ার সাথে সাথেই কার্যকরী হবে। কার্ডধারীর মাসিক আর্থিক চার্জ নির্ধারণের ক্ষেত্রে বিবেচিত সূচকসমূহের মধ্যে কার্ডধারীর অভিজ্ঞতা, সামগ্রিক ক্রেডিট পারফরম্যান্স, যদি থাকে তবে অতিরিক্ত সুদ-হারের প্রকারভেদ, এছাড়াও কার্ডধারীর একাউন্ট ব্যবহার এবং পারফরম্যান্সের অন্যান্য সূচকসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে।

## ১০. পণ্য ও পরিষেবা কর

কার্ডধারী অবশ্যই ভারত সরকারের দ্বারা ঘোষিত বা ভারত সরকারের নির্দেশিকা অনুযায়ী যেকোনো হারের পণ্য ও পরিষেবা কর (জিএসটি) প্রদান করতে সম্মত থাকবেন, যেটির উপর নির্ধারিত ফি, আর্থিক চার্জ সময়ে সময়ে প্রযোজ্য হবে। প্রযোজ্য জিএসটি হবে সিজিএসটি এবংএসজিএসটি/ইউটিজিএসটি, অথবা আইজিএসটি। পণ্য ও পরিষেবা কর কার্ডধারীর মাসিক স্টেটমেন্টে প্রতিফলিত হবে। ফি ও চার্জ/সুদ সংক্রান্ত কোনো বিরোধের কারণে জি.এস্.টি আরোপিত হবে না।

## ১১. সতর্কতা

১১.১ কার্ডধারী সম্মত হন যে, ব্যাংক তাদের কার্ড একাউন্টের স্থিতি সম্পর্কে কার্ডধারীদের তথ্য প্রদান করবে এবং সময়ে সময়ে এসএমএস এবং/অথবা ইমেইল বা অন্যান্য যোগাযোগ মাধ্যমের দ্বারা অন্যান্য তথ্য পাঠাবে এবং এর বিরুদ্ধে কার্ডধারীর কোনো আপত্তি থাকবে না। কার্ডধারী আরও সম্মত হন যে, ব্যাংক তার নিজস্ব বিবেচনায় উক্ত তথ্য প্রদান/সতর্কতা পরিষেবার জন্য একটি ফি/চার্জ আরোপ করতে পারে, যার বিরুদ্ধে কার্ডধারী কোনোরূপ আপত্তি করবেন না।

১১.২ উপলভ্যতা

ক) এসএমএস পরিষেবাটি বর্তমানে শুধুমাত্র ভারতে অবস্থিত আরবিএল ব্যাংকের শাখাসমূহে কার্ড একাউন্ট থাকা আবাসিক ভারতীয় কার্ডধারীদের জন্য উপলব্ধ।

খ) এসএমএস পরিষেবাটি নির্দিষ্ট সেলুলার সার্ভিস প্রোভাইডার ("সিএসপি") এর মাধ্যমে প্রদান করা হয় এবং সেই সকল অঞ্চলে উপলব্ধ, যেখানে সংশ্লিষ্ট সিএসপি তাদের পরিষেবা প্রদান করে থাকে এবং যেসব গ্রাহকগণ ভারতে উক্ত সিএসপি-এর পরিষেবার সদস্য।

গ) এলার্ট শুধুমাত্র সেই অবস্থায় কার্ডধারীকে প্রেরণ করা হবে, যদি কার্ডধারী সংশ্লিষ্ট সেলুলার সার্ভিস প্রোভাইডার (সিএসপি)-এর সেলুলার সার্কেলের আওতায় থাকেন অথবা উক্ত সিএসপি-এর রোমিং নেটওয়ার্কের অংশবিশেষ সার্কেলে অবস্থান করেন।

ঘ) আরবিএল ব্যাংক, যদি সম্ভবপর হয়, অধিক পরিসরজুড়ে পরিষেবা প্রদানের উদ্দেশ্যে আরও সেলুলার সার্ভিস প্রোভাইডারের মাধ্যমে উক্ত সুবিধাসমূহ প্রদান করতে পারে।

ঙ) কার্ডমেম্বারকে সতর্কতা প্রেরণের ক্ষেত্রে অপ্রেরণ, বিলম্বে প্রেরণ, ত্রুটি, ক্ষতি বা বিকৃতির জন্য ব্যাংক দায়বদ্ধ থাকবে না।

চ) উপরোক্ত শর্তাবলি সকল সেই প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য হবে, যার আওতায় আরবিএল ব্যাংক এসএমএস পরিষেবার মাধ্যমে তথ্য প্রেরণ করে।

## ১২. লয়্যালটি প্রোগ্রাম ও অন্যান্য কর্মসূচিসমূহ

১২.১ আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ড রিওয়ার্ডস প্রোগ্রাম অথবা উক্ত ক্রেডিট কার্ড/সহ-ব্র্যান্ডকৃত ক্রেডিট কার্ডের ("প্রোগ্রাম") সঙ্গে প্রদত্ত অন্যান্য লয়্যালটি প্রোগ্রামসমূহ,

সময়ে সময়ে নির্ধারিত ব্যয় এর মাধ্যমে যোগ্য কার্ডধারীগণকে পয়েন্ট ("পয়েন্টস") সঞ্চয়ের সুযোগ প্রদান করে। উক্ত ক্রেডিট কার্ডসমূহে সঞ্চিত পয়েন্টস, ব্যাংক কর্তৃক অথবা সহ-ব্র্যান্ডকৃত কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত বিভিন্ন ধরণের রিওয়ার্ডসের বিনিময়ে ব্যবহারযোগ্য।

১২.২ প্রোগ্রামে অংশগ্রহণ সম্পূর্ণরূপে ইচ্ছাধীন। কার্ডধারী প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহার করতে ইচ্ছুক হলে, ব্যাংকে লিখিতভাবে অবহিত করেই উক্ত প্রোগ্রাম থেকে নিজের নাম প্রত্যাহার করতে পারবেন।

১২.৩ এই প্রোগ্রামের শর্তাবলী কার্ডধারী চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলির পরিপূরক হবে এবং উক্ত চুক্তিপত্রের শর্তাবলির বিরোধী হবে না।

১২.৪ কার্ডধারী তার আরবিএল ব্যাংক কার্ডটি যেমন স্বাভাবিকভাবে ব্যবহার করেন, তেমনই ব্যবহার চালিয়ে যেতে পারবেন। প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বার্ষিক ফি আরবিএল ব্যাংক/যে বাণিজ্যিক বা ব্যবসায়িক সংস্থার সঙ্গে সহ-ব্র্যান্ডকৃত ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে, তাদের দ্বারা সময়ে সময়ে নির্ধারিত হতে পারে।

১২.৫ “রিওয়ার্ডস ক্যাটালগ” বা "ক্যাটালগ" বলতে বোঝায়, ব্যাংক কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত সেই ক্যাটালগ, যেখানে রিডেম্পশন এর জন্য উপলব্ধ পণ্যসমূহ তালিকাবদ্ধ থাকে, যা কার্ডধারী প্রোগ্রামের শর্তাবলী এবং ক্যাটালগের যেকোনো শর্তাবলীর অধীনে দাবি করতে পারবেন।

১২.৬ ‘রিওয়ার্ড সার্টিফিকেট’ বলতে বোঝায়, প্রোগ্রামের অধীনে ব্যাংক কর্তৃক প্রদত্ত একটি নির্দিষ্ট রিডেম্পশন ভাউচার, যা কার্ডধারী কর্তৃক সংগৃহীত পয়েন্টের বিপরীতে পণ্য এবং/অথবা ছাড় এবং/অথবা পরিষেবা রিডেম্পশন করার জন্য একটি অনুরোধ করার পর প্রদান করা হয়।

১২.৭ “এনরোলমেন্ট ডেট” বলতে বোঝায়, বর্তমান কার্ডধারীদের জন্য প্রোগ্রামটি চালু করার তারিখ এবং নতুন কার্ডধারীদের জন্য ব্যাংক কর্তৃক কার্ড অ্যাকাউন্ট সেটআপের তারিখ। এনরোলমেন্ট ইয়ার বলতে বোঝায় “যেকোনো বারো মাসের সময়কাল”, যা এনরোলমেন্ট ডেট থেকে শুরু হয়।

১২.৮ অর্জিত পয়েন্টগুলি মাসিক স্টেটমেন্টে প্রতিফলিত হবে।

১২.৯ প্রোগ্রামের অধীনে ক্রেডিট কার্ডে চার্জ করা সমস্ত ব্যয় পয়েন্ট অর্জনের জন্য যোগ্য হবে, একমাত্র এমন ব্যয়গুলি ছাড়া যা আরবিএল ব্যাংক সময়ে সময়ে বাদ দিতে পারে। বর্তমানে পয়েন্ট অর্জনের জন্য যোগ্য নয় এমন ব্যয়গুলির মধ্যে নীচের বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে, তবে সীমাবদ্ধ নয় :

ক. ব্যালেন্স ট্রান্সফার

খ. নগদ অগ্রিম

গ. ফাইন্যান্স চার্জ (উদাঃ লেট পেমেন্ট ফি,বাউন্স হওয়া চেকের চার্জ, পরিষেবা ফি, ট্রানজেকশন চার্জ)

ঘ. বিতর্কিত লেনদেন

ঙ. যেকোনো পেট্রোল পাম্প/সার্ভিস স্টেশনে করা ক্রয়, যদি না তা কার্ডধারীকে অন্যথায় স্পষ্টভাবে জানানো হয়।

১২.৬ একজন কার্ডধারী তার/তার এনরোলমেন্ট ডেটের পূর্বে হওয়া কোনো চার্জের জন্য পয়েন্ট অর্জন করতে পারবেন না।

১২.৭ একজন কার্ডধারী কর্তৃক ক্রেডিট কার্ডে সংগৃহীত পয়েন্টগুলি রিডেম্পশন করার সময় সেগুলিকে কোনো ক্রেডিট কার্ডের পয়েন্টের সাথে মেলানো যাবেনা বা যুক্ত করা যাবে না, এবং কোনো অন্য কাস্টমার লয়ালটি প্রোগ্রামে স্থানান্তরিত করা যাবে না, যদি না ব্যাংক অন্যথায় স্পষ্টভাবে জানায়।

১২.৮ অ্যাক্রিউড পয়েন্টগুলির কোন নগদ এবং/অথবা কোন আর্থিক মান নেই, যদি না ব্যাংক তার একক সিদ্ধান্তে নির্দিষ্ট খরচ এবং সেগুলির উপর অর্জিত পয়েন্টের ভিত্তিতে নির্বাচিত কিছু ক্রেডিট কার্ড/তাদের সংশ্লিষ্ট কার্ডধারীদের জন্য উল্লিখিত নগদ আর্থিক মান প্রদান করার সিদ্ধান্ত নেয়।

১২.৯ যদি এমন কোনো ক্রেডিট থাকে, যার মধ্যে ফেরত দেওয়া পণ্য বা পরিষেবা বা বিলিং বিতর্কের কারণে উদ্‌ভূত ক্রেডিট অন্তর্ভুক্ত থাকে, তবে পয়েন্টগুলির সমন্বয় করা

হবে। যদি একটি বিতর্কিত লেনদেন কার্ডধারীর পক্ষে সমাধান হয় বা একটি লেনদেন পাল্টানো হয়, তবে অনুপাতিক পয়েন্টটিও পাল্টানো হবে এবং কার্ডধারীর অ্যাকাউন্টে ক্রেডিট করা হবে, যদি তা পূর্বে ক্রেডিট না হয়ে থাকে। তদ্রূপ, যদি পণ্য ফেরত দেওয়া হয় বা একটি বিতর্কিত লেনদেন কার্ডধারীর বিপক্ষে সমাধান হয়, তবে অনুপাতিক পয়েন্টটি কার্ডধারীর অ্যাকাউন্ট থেকে ডেবিট করা হবে, যদি তা ইতিমধ্যেই ক্রেডিট হয়ে থাকে। রিডেম্পশনে, রিডেম্পশন করা পয়েন্টগুলি স্বয়ংক্রিয়ভাবে কার্ড অ্যাকাউন্টে সংগৃহীত পয়েন্ট থেকে বাদ দেওয়া হবে।

১২.১০ আরবিএল ব্যাংক, সেরা প্রচেষ্টার ভিত্তিতে, প্রাথমিক কার্ডধারীকে সংশ্লিষ্ট ক্রেডিট কার্ডের জন্য তার মাসিক স্টেটমেন্টে, উক্ত মাসিক স্টেটমেন্টের সমাপ্তির তারিখের পূর্বে সংগৃহীত পয়েন্টের সংখ্যা সম্পর্কে জানাবে।

১২.১১ যদি কার্ডধারী নিজ ইচ্ছায় ক্রেডিট কার্ডটি বন্ধ করেন বা অন্য কোনো কারণে বাতিল করেন, তাহলে ক্রেডিট কার্ড বাতিলের পর যেকোনো অবশিষ্ট রিওয়ার্ড পয়েন্টের স্বয়ংক্রিয়ভাবে মেয়াদ শেষ হয়ে যাবে এবং সেটি বাতিল হয়ে যাবে। যদি কোনোও কারণে ক্রেডিট কার্ডটি আরবিএল ব্যাংক দ্বারা ব্লক বা স্থগিত করা হয়, তবে সংগৃহীত পয়েন্টগুলি বাতিল হয়ে যাবে। তবে আরবিএল ব্যাংকের একক বিবেচনায়, যদি ক্রেডিট কার্ডের ব্যবহার পুনরায় সক্রিয় করা হয় তবে পয়েন্টগুলি পুনরুদ্ধার করা যেতে পারে।

১২.১২ আরবিএল ব্যাংকের পয়েন্ট গণনা, মেয়াদ শেষ হওয়া, বাতিলকরণ, বাজেয়াপ্তকরণ, ক্রেডিট, ডেবিট এবং পুনরুদ্ধার সম্পর্কিত সিদ্ধান্ত কার্ডধারীর জন্য চূড়ান্ত, নির্ধারণযোগ্য এবং বাধ্যতামূলক হবে।

১২.১৩ "রিডিম করার জন্য উপলব্ধ পয়েন্টস" বলতে সেই পয়েন্টস বোঝায় যা কার্ডধারী রিওয়ার্ড ক্যাটালগ থেকে পণ্য (সামগ্রী/সেবা) বা মার্চেন্ট প্রতিষ্ঠান থেকে রিওয়ার্ড সার্টিফিকেট বা যেকোনো পদ্ধতিতে রিডিম করতে পারে, যা সংশ্লিষ্ট ক্রেডিট কার্ড অনুযায়ী নির্দিষ্ট করা হতে পারে, যার মধ্যে ইনস্ট্যান্ট রিডেম্পশন, ক্যাশ রিডেম্পশন এবং রিওয়ার্ড ভাউচার অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়।

১.১৪ কার্ডধারী সম্মত হন যে, ব্যাংক তাদের অবহিত করার পর, তাদের প্রোগ্রামে অংশগ্রহণের জন্য একটি পরিমাণ (এখানে 'পরিমাণ' হিসেবে উল্লেখ করা হবে) ডেবিট করতে পারে। যদি পরবর্তী সময়ে এই পরিমাণ ডেবিট করার পর, কার্ডধারী ব্যাংককে তার প্রোগ্রামে অংশগ্রহণ না করার ইচ্ছার বিষয়ে লিখিতভাবে জানান, তবে ব্যাংক উক্ত পরিমাণটি কার্ডধারীর অ্যাকাউন্টে ক্রেডিট করে দেবে, যদি স্টেটমেন্টের প্রাপ্তির ৭ দিনের মধ্যে উক্ত বিষয়টি লিখিতভাবে অবগত করা হয়।

১২.১৫ কার্ডধারীকে একটি স্টেটমেন্ট সাইকেলে অর্জিত পয়েন্টের সংখ্যা জানানো হবে। পয়েন্টগুলি কিভাবে এবং কোন হারে রিডিম করা যাবে, তা ব্যাংকের একক সিদ্ধান্তে নির্ধারিত হবে এবং ব্যাংক যে কোনো সময় পূর্বাভাস ছাড়াই হার পরিবর্তন করতে পারবে।

১২.১৬ সংশ্লিষ্ট তারিখে, কার্ড সুবিধা প্রত্যাহার বা বাতিল করা হয়ে থাকলে বা কার্ড অ্যাকাউন্টকে ওভারডিউ অ্যাকাউন্ট হিসাবে দেখানো হলে পয়েন্টগুলির কোনও সঞ্চয় বা রিডেম্পশন অনুমোদিত হবে না।

১২.১৭ কার্ডধারী পয়েন্ট অন্য কোন ব্যক্তির কাছে স্থানান্তর করতে পারবেন না অথবা একই পয়েন্ট অন্য কোন কার্ডের সাথে মিলিয়ে ব্যবহার করতে পারবেন না। তবে, ব্যাংক তার একক সিদ্ধান্তে, নির্দিষ্ট স্কিমের জন্য কিছু ক্ষেত্রে পয়েন্ট স্থানান্তরের অনুমতি দিতে পারে এবং সময়ে সময়ে কার্ডধারীকে এর সম্পর্কে অবহিত করতে পারে।

১২.১৮ ব্যাংকের পয়েন্ট গণনা কার্ডমেম্বারদের জন্য চূড়ান্ত এবং বাধ্যতামূলক হবে এবং ব্যাঙ্ক কোনও কারণে কোনো বিতর্ক বা জিজ্ঞাসাবাদের জন্য দায়বদ্ধ থাকবে না।

১২.১৯ যে পয়েন্টগুলি কার্ডধারী ২৪ মাসের মধ্যে রিডেম্পশন করেননি, তা মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে এবং বাতিল হয়ে যাবে।

১২.২০ ক্রেডিট কার্ডটি পয়েন্ট রিডেম্পশন অনুরোধ গ্রহণের সময় আরবিএল ব্যাংক কর্তৃক বকেয়া, স্থগিত, ব্লক বা বাতিল করা হলে, রিডেম্পশনের অনুরোধটি অনুমোদন করা হবে না।

১২.২১ পয়েন্ট শুধুমাত্র প্রাথমিক কার্ডধারী কর্তৃকই রিডিম করা যাবে, অ্যাড-অন কার্ডধারী কর্তৃক নয়।।

১২.২২ কার্ডধারী প্রোগ্রাম ক্যাটালগ এবং আরবিএল ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারি করা অন্যান্য মেইলারের বিবরণ অনুযায়ী, সহযোগী মার্চেন্ট প্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন ধরণের রিওয়ার্ড যেমন: পণ্য সামগ্রী, শপিং, ডাইনিং, ভ্রমণ, বিনোদন, ফি ওয়াইভার্স, আর্থিক পরিষেবা, ক্রেডিট কার্ড আপগ্রেড ইত্যাদির জন্য পয়েন্ট রিডিম করতে পারবেন।

১২.২৩ কার্ডধারীকে রিডেম্পশনের জন্য অনুরোধ করতে www.rbl.rewards.in এ রেজিস্টার করতে হবে। কার্ডধারী তাদের রেস্পেক্টিভ রিডেম্পশন পয়েন্টের স্থিতি এবং বিকল্পগুলি দেখতে ওয়েবসাইটটিতে অ্যাক্সেস করতে পারেন।

১২.২৪ আরবিএল ব্যাংক রিডেম্পশন সার্টিফিকেট/ভাউচার/উপহার বিতরণের ক্ষেত্রে কোনো ধরনের দেরি বা ক্ষতির জন্য দায়ী থাকবে না।

১২.২৫ রিডিম্পশন করা পয়েন্টস অন্য কোনো পুরস্কারের ক্ষেত্রে পরিবর্তনযোগ্য নয় অথবা কোনো পরিস্থিতিতেই ফেরত, পরিবর্তনযোগ্য, অথবা নগদ বা ক্রেডিটের জন্য স্থানান্তরযোগ্য নয়। এমন রিডিম্পশন করা পয়েন্টস আবার পয়েন্টস এ রূপান্তরিত করা যাবে না। একবার অন্য কোনো পার্টনার লয়ালটি প্রোগ্রামের জন্য রিডিম্পশন করা হলে, পয়েন্টস পুনরায় স্থানান্তর করা যাবে না।

১২.২৬ সব পুরস্কার উপলব্ধতার উপর নির্ভরশীল এবং কিছু নিষেধাজ্ঞা প্রযোজ্য হতে পারে। কার্ডমেম্বারকে প্রদান করা রিডেম্পশন সার্টিফিকেট/ভাউচারে রিডেম্পশন পদ্ধতি এবং প্রতিটি পুরস্কারের অতিরিক্ত শর্তাবলী উল্লেখ করা হবে।

১২.২৭ কোনও অতিরিক্ত খাবার, পরিবহন, আবাসন ব্যবস্থা, কুরিয়ার বা অন্যান্য খরচ যা কোনো পুরস্কারের রিডিম্পশনের সাথে সম্পর্কিতভাবে ঘটে, তা শুধুমাত্র কার্ডধারীর একক দায়িত্ব হবে।

১২.২৮ ডাইনিং, ভ্রমণ বা হোটেল আবাসনের জন্য রিডিম্পশন সার্টিফিকেট ইস্যু করা কোনো রিজার্ভেশন হিসেবে গন্য হবে না। কার্ডধারীকে সমস্ত রিজার্ভেশন করতে হবে এবং সহযোগী মার্চেন্ট প্রতিষ্ঠানে জানাতে হবে যে, তিনি কোন পুরস্কার(গুলি) রিডিম্পশন করতে যাচ্ছেন।

১২.২৯ অন্যান্য আরবিএল ব্যাংক সুবিধা, যা ক্রেডিট কার্ড ব্যবহারের মাধ্যমে সক্রিয় হয়, সেগুলি প্রোগ্রামের অধীনে পুরস্কার হিসেবে প্রাপ্ত পণ্য বা পরিষেবার জন্য প্রযোজ্য নয়।

১২.৩০ আরবিএল ব্যাঙ্ক কোনও পরিস্থিতিতেই কোনওভাবে পয়েন্ট থেকে প্রাপ্ত পণ্য এবং/অথবা পরিষেবা সম্পর্কিত দায়িত্ব বা দায়বদ্ধতা গ্রহণ করবে না, যার মধ্যে অন্তর্ভূক্ত কিন্তু সীমাবদ্ধ নয় - পয়েন্ট ব্যবহারে কোনও ত্রুটি বা ঘাটতি অথবা ডাইনিং, হোটেল অ্যাকোমোডেশন এর জন্য রিডেম্পশন সার্টিফিকেট ব্যবহারে সমস্যা অথবা পয়েন্ট দ্বারা প্রাপ্ত কোনও পণ্য বা পরিষেবার ব্যবহারের, স্থায়িত্বের, বা বাণিজ্যিকতার ক্ষেত্রে কোনও দাবি।

১২.৩১ প্রোগ্রামে পয়েন্ট অর্জন এবং রিডেম্পশন সম্পর্কিত জালিয়াতি এবং / অথবা অপব্যবহারের ফলে পয়েন্টগুলি বাজেয়াপ্ত করার পাশাপাশি ক্রেডিট কার্ডের পরিষেবার সমাপ্তি ঘটানো হবে এবং সেটি বাতিল করা হবে।

১২.৩২ কার্ডমেম্বারের কাছ থেকে লিখিত বা অন্যভাবে কোনও অনুমতি না নিয়ে, আরবিএল ব্যাঙ্ক বা তার মার্চেন্ট এস্টাবলিশমেন্টগুলি প্রশাসনিক উদ্দেশ্যে কার্ডধারীর দ্বারা সরবরাহ করা তথ্য ব্যবহার করতে পারে।

১২.৩৩ সরকার বা অন্য কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা অন্য কোনো সহযোগী মার্চেন্ট এস্টাবলিশমেন্টের নিকট প্রদেয় যেকোনো প্রকার কর অথবা অন্যান্য চার্জ, যা পূর্বোক্ত বা অন্য কোনও প্রকারে পয়েন্ট রিডেম্পশনের সময় কার্ডধারীর উপর আরোপিত হতে পারে, তা কেবল কার্ডধারীর দায়িত্ব হবে।

১২.৩৪ আরবিএল ব্যাংক যেকোনো সময় পয়েন্টস কম্পিউটেশন বা পুরস্কারের শর্তাবলী বা পুরস্কারের প্রতিস্থাপন, পরিবর্তন বা বাতিল করার অধিকার রাখে এবং প্রোগ্রামের শর্তাবলীও পরিবর্তন করতে পারে, কোনো পূর্ব ঘোষণা ছাড়াই। আরবিএল ব্যাংক যেকোনো সময় প্রোগ্রাম স্থগিত বা বাতিল করতে পারে, পয়েন্টস অর্জনের জন্য কোন দায়বদ্ধতা ছাড়াই।

১২.৩৫ ব্যাংক কোনো কারণে রিওয়ার্ড ক্যাটালগ থেকে কোনও বস্তু সরবরাহে বিলম্ব বা অক্ষমতার জন্য দায়ী থাকবে না, যেমন এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমাবদ্ধ নয় - ধর্মঘট বা শিল্পবিপ্লব, প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, আবহাওয়া, বিমানের পরিষেবার অসুবিধা বা অপ্রাপ্যতা, যুদ্ধ বা নাগরিক অস্থিরতা ইত্যাদি।

১২.৩৬ আরবিএল ব্যাংক প্রোগ্রামের অধীনে অংশগ্রহণকারী মার্চেন্ট এস্টাবলিশমেন্ট/কো-ব্র্যান্ডেড বাণিজ্যিক বা ব্যবসায়িক সংস্থার দ্বারা প্রদত্ত পণ্য এবং / অথবা পরিষেবাদির ধরণ, গুণমান বা ফিটনেস সম্পর্কিত কোনও ওয়ারেন্টি উপস্থাপিত করে না। পণ্যদ্রব্য, যেখানে প্রযোজ্য, প্রস্তুতকারকের কাছ থেকে ওয়ারেন্টি তথ্য সহ থাকতে পারে এবং কোনও ক্ষেত্রে দাবি অবশ্যই কেবলমাত্র প্রস্তুতকারক বা পরিষেবা সরবরাহকারী বা সহ-ব্র্যান্ডেড বাণিজ্যিক বা ব্যবসায়িক সংস্থার কাছে সরাসরি করতে হবে।

১২.৩৭ প্রোগ্রামের অধীনে পুরষ্কার হিসাবে প্রাপ্ত পণ্য বা পরিষেবাদি সম্পর্কিত যে কোনও বিরোধ কার্ডধারী এবং পণ্য বা পরিষেবা সরবরাহকারী অংশগ্রহণকারী মার্চেন্ট এস্টাবলিশমেন্টের মধ্যে নিষ্পত্তি করতে হবে। আরবিএল ব্যাংক এই জাতীয় বিরোধ নিষ্পত্তি করার জন্য বা বিরোধের জন্য কোনও দায়বদ্ধতা বহন করবে না।

১২.৩৮ প্রতিটি প্রোগ্রাম একটি পৃথক নির্দিষ্ট শর্তাবলী (অতঃপর "প্রোগ্রাম শর্তাবলী") দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে, এই ধরনের প্রোগ্রামের শর্তাবলী কার্ডধারী চুক্তিপত্রে কোনওভাবেই সংশোধন করা হবে না এবং এতে উল্লিখিত কিন্তু সংজ্ঞায়িত নয় এমন যেকোনও শর্ত কার্ডধারী চুক্তি পত্র অনুসারে ব্যাখ্যা করা যেতে পারে।

১২.৩৯ আরবিএল ব্যাংক এই প্রোগ্রাম এবং যেকোনো পুরস্কারের বাস্তবায়ন সম্পর্কিত যেকোনো মৌখিক বা বৈদ্যুতিন নির্দেশনা বা অনুসন্ধানের ক্ষেত্রে বিশ্বাসের ভিত্তিতে কাজ করবে। কার্ডধারী কোন ক্ষতি, দায়, ক্ষতিপূরণ, খরচ ইত্যাদি দাবি বা অভিযোগ করার অধিকারী হবেন না, যা সরাসরি বা পরোক্ষভাবে আরবিএল ব্যাংকের বিশ্বাসের ভিত্তিতে করা কার্যক্রমের কারণে ঘটে এবং কার্ডধারী এই সম্পর্কে আরবিএল ব্যাংককে সম্পূর্ণরূপে ক্ষতিপূরণ প্রদান ও সুরক্ষা প্রদান করবে।

১২.৪০ উপরিউক্ত বিষয়টি সত্ত্বেও, ব্যাংক শুধুমাত্র কিছু নির্বাচিত কার্ডধারীর জন্য কিছু মূল্য-সংযোজনমূলক প্রোগ্রাম প্রদান করে। এটি পরিষ্কার করা হচ্ছে যে, উক্ত প্রোগ্রামগুলি নির্দিষ্ট শর্তাবলী ও শর্তাবলীর অধীনে এবং ব্যাংকের একক বিবেচনায় নির্বাচিত কার্ডধারীদের জন্য প্রদান করা হয়।।

## ১৩. ২৪ ঘন্টা গ্রাহক সেবা

১৩.১ ব্যাংক কার্ডধারীকে তার কার্ড অ্যাকাউন্টে থাকা তথ্য অ্যাক্সেস এবং লেনদেন সম্পাদনের জন্য তথ্য ও সুবিধা প্রদান করবে এবং ফোনের মাধ্যমে নির্দেশনা প্রদান করবে। ব্যাংক এটি হাতে লিখে অথবা স্বয়ংক্রিয় সিস্টেমের মাধ্যমে করতে পারে। তবে, ব্যাংক এককভাবে সিদ্ধান্ত নেবে যে কোন ধরনের তথ্য/লেনদেন ফোনের মাধ্যমে প্রদান করা যেতে পারে/সম্পাদিত হতে পারে। এছাড়াও ব্যাংক কার্ডধারীর অনুরোধের পূর্বেই তার পরিচয় যাচাই করার অধিকার সংরক্ষণ করে।

১৩.২ কার্ডধারী এই মর্মে সম্মত হবেন যে, ব্যাঙ্ক যদি উক্ত নির্দেশনার ভিত্তিতে সদ্ভাবপূর্ণভাবে কার্যক্রম গ্রহণ করে, তবে সে কারণে কার্ডধারী ব্যাঙ্ককে কোনোভাবেই দায়ী করতে পারবেন না।

১৩.৩ ব্যাংক একান্তভাবে তার বিবেচনায় এই ধরনের নির্দেশাবলী রেকর্ড বা টেপ করতে পারে এবং যেকোনো প্রক্রিয়ায় এই ধরনের টেলিফোনিক নির্দেশাবলীর ট্রান্সক্রিপ্ট প্রমাণ হিসেবে ব্যবহার করতে পারে।

১৩.৪. কার্ডধারীর অনুরোধে, ব্যাংক ইমেইল মারফত (যা ব্যাংকের সাথে নিবন্ধিত ইমেইল

